



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা) www.barisal.gov.bd



স্মারক নম্বর ০৫.১০.০৬০০.১১০.৪৯.০১৩.২১-৬১৪

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪২৮
১৭ নভেম্বর ২০২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা বরিশাল জেলার আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীদের জানানো যাচ্ছে যে, তাদের নামীয় আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী সরকারি বিধি মোতাবেক ২০২২ সনের জন্য নবায়ন করা হবে। লাইসেন্সধারীদের নির্দিষ্ট তারিখের মধ্যে নবায়ন ফি ও ভ্যাট নির্ধারিত কোডে সোনালী ব্যাংক লিমিটেড/ বাংলাদেশ ব্যাংক এ জমাদানপূর্বক ট্রেজারী চালানের মূল কপি, মূল লাইসেন্স এবং আগ্নেয়াস্ত্র নবায়নকারী কর্তৃপক্ষের নিকট প্রদর্শন করতে হবে। তবে খানায় আগ্নেয়াস্ত্র জমা থাকলে জমা রশিদের মূলকপি প্রদর্শন করতে হবে। লাইসেন্সধারীদের নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী উপস্থিত হয়ে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করা হলো:

তারিখ ও সময়	লাইসেন্সের ধরণ	নবায়নকারী কর্মকর্তা
০১-১২-২০২১ তারিখ হতে ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন	ব্রীচ লোডিং পিস্তল/ রিভলবার	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বরিশাল
০১-১২-২০২১ তারিখ হতে ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন	ব্রীচ লোডিং শটগান/বন্দুক/রাইফেল	সহকারী কমিশনার ও এলেকিউটিভ ম্যাজিস্ট্রেট জুডিসিয়াল মুন্সিখানা শাখা

বাৎসরিক লাইসেন্স নবায়ন ফি ও ভ্যাটের হার নিম্নরূপ

আগ্নেয়াস্ত্রের ধরণ	নবায়ন ফি ও জমা প্রদানের কোড নম্বর	নবায়ন ফি এর উপর প্রদেয় ১৫% ভ্যাট ও কোড নম্বর
পিস্তল/রিভলবার	১০,০০০/- ১-২২১১-০০০০-১৮৫৯	১৫০০/- ১-১১৩৩-০০০১-০৩১১
শটগান/বন্দুক/ রাইফেল	৫,০০০/- ১-২২১১-০০০০-১৮৫৯	৭৫০/- ১-১১৩৩-০০০১-০৩১১
ডিলিং লাইসেন্স	৫০০০/- ১-২২১১-০০০০-১৮৫৯	৭৫০/- ১-১১৩৩-০০০১-০৩১১

শর্তাবলী:

- স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩-০৮-২০১৬ তারিখের ৮২৬ নং স্মারকের নীতিমালার ৩১(ছ) অনুচ্ছেদ অনুযায়ী লাইসেন্সধারীর বয়স ৮০(আশি) বছরের উর্কে হলে লাইসেন্স নবায়নযোগ্য হবে না।
- বীর মুক্তিযোদ্ধা ও প্রথম শ্রেণির স্থায়ী সরকারি কর্মকর্তাদের(চাকুরীরত/ অবসরপ্রাপ্ত) ক্ষেত্রে লাইসেন্স নবায়ন ফি প্রযোজ্য হবে না।

স্বা.
(জসীম উদ্দীন হায়দার)
জেলা ম্যাজিস্ট্রেট
বরিশাল

ফোন: ০২৪৭৮৮৬৪২৫৯

ই-মেইল: dcbarishal@mopa.gov.bd